সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৬৮

৩৯/ সংসারের প্রতি অনাসক্তি (كتاب الزهد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর সাহাবীগণের জীবন-যাপন।

باب مَا جَاءَ فِي مَعِيشَةِ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا عُمَرُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ مُجَالِدِ بْنِ سَعِيدٍ، حَدَّثَنَا أَبِي، عَنْ بَيَانٍ، عَنْ قَيْسِ بْنِ أَبِي حَازِمٍ، قَالَ سَمِعْتُ سَعْدَ بْنَ أَبِي وَقَّاصٍ، يَقُولُ إِنِّي لأَوَّلُ رَجُلٍ أَهْرَاقَ دَمًا فِي سَبِيلِ اللَّهِ وَإِنِّي لأَوَّلُ رَجُلٍ رَمَى بِسَهْمٍ فِي سَبِيلِ اللَّهِ وَلَقَدْ رَأَيْتُنِي أَغْزُو فِي الْعِصَابَةِ مِنْ أَصْحَابِ مُحَمَّدٍ صلى الله عليه وسلم مَا نَأْكُلُ إِلاَّ وَرَقَ الشَّجَرِ وَالْحُبْلَةِ حَتَّى إِنَّ أَحَدَنَا لَيَضَعُ كَمَا تَضَعُ الشَّاةُ أَوِ الْبَعِيرُ وَأَصْبَحَتْ بَنُو أَسَدٍ يُعَزِّرُونِي فِي الدِّينِ لَقَدْ خِبْتُ إِذًا وَضَلَّ عَمَلِي . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ بَيَانٍ .

বাংলা

২৩৬৮. আমর ইবন ইসমাঈল ইবন মুজালিদ ইবন সাঈদ (রহঃ) ...... রায়ান ইবন কায়স (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি সা’দ ইবন আবী ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু-কে বলতে শুনেছি আমিই প্রথম ব্যক্তি যে আল্লাহর পথে প্রথম রক্ত ঝরিয়েছে। আমিই প্রথম ব্যক্তি যে আল্লাহর পথে তীর নিক্ষেপ করেছে, আমি আমার এ অবস্থা দেখেছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীদের এক জামাআতে এক অভিযানে ছিলাম। আমরা গাছের পাতা ও বাবলার ফল ছাড়া কিছুই আহারের জন্য পাইনি। এমন কি আমাদের এক একজন উট-ছাগলের মলের মত মলত্যাগ করত। আর এখন বানূ আসাদের লোক এসে দীনের ব্যাপারে আমার ত্রুটি ধরছে। তা হলে তো আমি ব্যর্থ হলাম এবং আমার আমলও নিস্ফল হল।

সহীহ, মুখতাসার শামাইল ১১৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৩৬৫ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। বায়ানের রিওয়ায়াত হিসাবে গারীব।

English

Sa'd Bin Abi Waqqas said:

"I was among the first men who spilled blood in Allah's cause, and I was among the first men to shoot an arrow in Allah's cause. I saw battles with troops of the Companions of Muhammad (s.a.w). We had nothing to eat except leaves of trees and Al-Hublah, such that one of us would leave droppings like the droppings of sheep and camels. Now Banu Asad have appeared wanting to instruct me in religion, (then) I would be a loser and have wasted my efforts."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37722

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন